

২৯. ৮ই ফ্লাগুনে

যখন শাখায় নব আন্ন মুঞ্জরী ফুটে

ব্যাকুল করা গুল্কে ভরা ভ্রমর গুঞ্জনে,

দেখি তখন তোমার মুখখানি কল্পলোকে

স্বাধীনতার তিন যুগ পেড়িয়ে ৮ই ফ্লাগুনে।

বড় আশা ছিল ভালবাসা ছিল এ হৃদয় মাঝে

ভালবাসার পল্লব মুঞ্জরীদলে লুকাব দু'জনে।

কিন্তু হায়! তুমি তো ফিরলে না ২১শে ভাষার মিছিল হতে

মোর জীবনের প্রদীপ্ত যৌবন নিঃশেষ হলো তাই গোপনে।

তবুও প্রতীক্ষার চাহনী আজো তোমায় খুঁজে ফিরে

ভালবাসার অশ্রুঝারা ৫২ এর ভাষা শহীদ মিনারে ।

শুভ্র বসন পরে শত-সহস্র লোকের ভীড় ঠেলে দাঁড়াই

ফুল দিতে প্রিয় বরনে অশ্রুঝারা ৮ই ফ্লাগুনে।